

**REASON AND BELIEF: DISTINCTION
AND RELATIONSHIP (বিচার ও বিশ্বাসঃ
পার্থক্য এবং সম্পর্ক)**

Biswajit Saha

Assistant Professor in Education

Sponsored Teachers' Training College, Purulia

REASON

- ইংরেজি Reason শব্দটির বাংলা প্রতিশব্দ হল যুক্তি বা বিচারবুদ্ধি।
- যুক্তি হল বিজ্ঞানসম্মত পদ্ধতিতে জ্ঞানলাভের অন্যতম উপায় বা মাধ্যম (ways or means)।
- সক্রেটিস, প্লেটো, কমেনিয়াস, হেগেল প্রমুখ দার্শনিকরা শিক্ষাক্ষেত্রে যুক্তি-তর্কের ব্যবহারের উপর সর্বাধিক গুরুত্ব আরোপ করেছেন। সক্রেটিস যুক্তি-তর্কের মাধ্যমে কোনো বিষয়ে সিদ্ধান্ত নিতে কিম্বা কোনো সমস্যার সমাধানে যুক্তি-তর্কের ব্যবহারের কথা বলেন।
- A sufficient ground of explanation or of logical defense.

CONTD...

- যুক্তি হল এক প্রকার মানসিক ক্ষমতা (Capacity) বা সামর্থ্য। এটি বুদ্ধি প্রসূত-এর সঙ্গে বুদ্ধি, বিচার বোধ, তর্ক ওতপ্রোতভাবে জড়িত।
- এটি মানুষের আচরণের জ্ঞানমূলক ক্ষেত্রের (cognitive domain) সঙ্গে সম্পর্ক যুক্ত।
- যুক্তি জগতের বিভিন্ন ঘটনাবলির (events or phenomenon) মধ্যে যে কার্য-কারণ (cause-effect relationship) সম্পর্ক রয়েছে তা বিশ্লেষণ করে সাধারণ সূত্র (generalization) আবিষ্কার করতে সাহায্য করে। এমনকি এর সাহায্যে মানুষের আচরণ সম্পাদনের পিছনে যে কারণ রয়েছে তা ব্যাখ্যা করতে সাহায্য করে।

BELIEF

- A belief is something that you believe or accept as true.
- বিশ্বাস হল সম্পূর্ণরূপে মানসিক ক্রিয়া। জ্ঞানবিদ্যায় (Epistemology) দার্শনিকরা বিশ্বাস বলতে বোঝায় Personal Attitude Associated With True or False Ideas or Concept.'
- মানুষের দেখা (Observation), শোনা (Hearing), পড়া (Reading), চিন্তাভাবনা (Thinking) ও অভিজ্ঞতা (Experience) প্রভৃতি থেকে গড়ে ওঠে মানুষের বিশ্বাস।

DIFFERENCE BETWEEN REASON AND BELIEF

- যুক্তি মানুষের **জ্ঞানমূলক আচরণের ক্ষেত্রের** সঙ্গে (Cognitive Domain) যুক্ত। অপরদিকে বিশ্বাস মানুষের আচরণের **প্রক্ষোভমূলক ক্ষেত্রের** (Affective Domain) সঙ্গে যুক্ত।
- বিশ্বাস বিষয়টি সম্পূর্ণ রূপে **তত্ত্বগত**। কিন্তু যুক্তির একটি **ব্যবহারিক দিক** আছে।

CONTD...

- বিশ্বাসের সঙ্গে **ধর্মের** একটি যোগাযোগ আছে। অনেক বিশ্বাসের উৎস হল ধর্ম। অপরদিকে যুক্তি (Reason) হল **বুদ্ধি প্রসূত** (Intellect), এটি ধর্ম বিরোধী।
- বিশ্বাসলব্ধ তথ্য **সর্বজনগ্রাহ্য** হতে পারে, নাও হতে পারে। কিন্তু যুক্তি নির্ভর তত্ত্ব বা যুক্তি তর্কের দ্বারা অর্জিত জ্ঞান **সর্বজনগ্রাহ্য**।

CONTD...

- বিশ্বাসের **যৌক্তিক** ভিত্তি নেই। বিশ্বাস **বিজ্ঞান সম্মত নয়**। অপর দিকে যুক্তি হল **বিজ্ঞানের প্রথম ধাপ বা শর্ত**। বিজ্ঞানসম্মত ভাবনার মূলে রয়েছে যুক্তি, তর্ক ইত্যাদি। অর্থাৎ বিশ্বাস হল **'Not Logical'** কিন্তু যুক্তি হল **"LOGICAL"**.
- বিশ্বাসের সঙ্গে **আবেগের যোগ আছে**। কিন্তু যুক্তিতে **আবেগের কোনো স্থান নেই**।

The image features a light gray background with a subtle gradient. In the top-left and bottom-right corners, there are several realistic water droplets of various sizes, rendered with soft shadows and highlights to give them a three-dimensional appearance. The text "THANK YOU" is centered in the middle of the page.

THANK YOU